REGIONAL

NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-03-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Election - West Tripura :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আগামীকাল। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে প্রতিদ্বন্দ্বিতার জন্য ইতিমধ্যে মোট তিনজন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন এস ইউ সি আই (সি) র অরুণ ভৌমিক, আমরা বাঙালীর গৌরী শংকর নন্দী, ও নির্দল প্রার্থী মিলন পদ মুড়া সিং। রামনগর বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে এখন পর্যন্ত একজন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তিনি হলেন কংগ্রেস সমর্থিত ইন্ডিয়া জোটের সিপিআইএম প্রার্থী রতন দাস।

**********************

**ECI :**

নির্বাচন কমিশন আসন্ন লোকসভা ও বিধানসভা নির্বাচনের সময় পরিবেশকে নির্মল রাখার উপর গুরুত্ব আরোপ করেছে। ভোটার তালিকা ও নির্বাচনী উপকরণে কাগজের ব্যবহার কম করতে

নির্বাচনী আয়োজক, ব্যবস্থাপক ও রাজনৈতিক দলগুলোকে নির্দেশ দিয়েছে কমিশন। ইবুক এবং ই-ডকুমেন্টস ব্যবহারের উপর জোর দিয়েছে কমিশন।

একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক সম্পূর্ণরূপে এড়াতে এবং সঠিকভাবে বর্জ্য সংগ্রহ, পরিবহনের জন্য পরিবেশ বান্ধব যানবাহনের প্রচারের পাশাপাশি ভোটের সময় কারপুলিং এবং গণপরিবহনের কথাও বলা হয়েছে।

প্রচার কাজে পুনর্ব্যবহার যোগ্য শক্তি ব্যবহারে উৎসাহিত করতে রাজনৈতিক দলগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। তাছাড়া কর্মকর্তা ও ভোটারদের যাতায়াতের দূরত্ব কমাতে ভোট কেন্দ্রগুলিকে একত্রীভূত করার নির্দেশও দেওয়া হয়েছে।

*********************

**Election, Force :**

আসন্ন লোকসভা নির্বাচন এবং রামনগর কেন্দ্রের উপনির্বাচন সুষ্ঠুভাবে এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে রাজ্যে আরো ৩০ কোম্পানি নিরাপত্তা বাহিনী আনা হচ্ছে। আগামী মাসের প্রথম সপ্তাহে এই বাহিনী এসে পৌঁছোবে বলে পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে। ইতিমধ্যে রাজ্যে সত্তর কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এসেছে। এদের মধ্যে বিএসএফ এবং সিআরপিএফ রয়েছে। পশ্চিম জেলায় বর্তমানে ১৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীকে মোতায়েন করা হয়েছে। অতিরিক্ত ৩০ কোম্পানি এলে পশ্চিম জেলায় আরও বাহিনী মোতায়েন করা হবে বলে জানা গেছে।

*******************

**Agriculture :**

কৃষি অধিকর্তা সরবিন্দু দাস জানিয়েছেন, সাম্প্রতিক ঝড়ে গন্ডাতুইসা, বিলোনীয়া, উদয়পুর, তেলিয়ামুড়া, খোয়াই সহ বিভিন্ন এলাকায় কৃষির ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। আজকের মধ্যে ক্ষয়ক্ষতি নিরুপনের কাজ শেষ হবে বলে তিনি জানিয়েছেন।

********************

**Loksabha Election, CONTROL ROOM - Unakoti :**

আসন্ন লোকসভা নির্বাচনকে শান্তিপূর্ণ করতে ঊনকোটি জেলাতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছে পুলিশ প্রশাসন, বলে জানিয়েছেন, জেলার অতিরিক্ত পুলিশ সুপার ভি, ডার্লং।

জেলায় ২৬ জন পুলিশ সেক্টর অফিসার নিযুক্ত করা হয়েছে। তেরোটি স্থানে নাকা পয়েন্ট হয়েছে এবং নিয়মিত চেকিং প্রক্রিয়া চলেছে।

এখন পর্যন্ত পাঁচ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ঊনকোটি জেলাতে এসেছে। জেলার থানাগুলি থেকে ভ্রাম্যমান টহলদারি বাড়ানো হয়েছে।

এদিকে, আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে ঊনকোটি জেলার কুমারঘাট S.D.M অফিসে দিবারাত্রির জন্য একটি কন্ট্রোল রুম চালু করা হয়েছে। এর টেলিফোন নম্বর - 03824-291450

*****************

**CM- election office :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে গতকাল ৮ নং টাউন বড়দোয়ালী বিধানসভা কেন্দ্রের ১নং বুথের নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন করেন।উপস্থিত ছিলেন রামনগর বিধানসভার উপনির্বাচনের প্রার্থী তথা পুর মেয়র দীপক মজুমদার সহ অন্যান্য কার্যকর্তারা। তাছাড়া মুখ্যমন্ত্রী রাধানগর মোটর স্ট্যান্ড এর সামনে ৬- আগরতলা বিজেপি মন্ডল আয়োজিত নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন এবং নির্বাচনী কার্যালয়ের শুভ উদ্বোধন করেন।

**********************

**Coordination meeting :**

লোকসভা নির্বাচনকে সামনে রেখে গতকাল আগরতলায় বিজেপি, আই.পি.এফ.টি ও তিপরা মথা দলের সমন্বয় কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, তিপ্রা মথা দলের প্রশাসনিক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রদ্যোৎ কিশোর দেববর্মা, পশ্চিম ত্রিপুরা আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব ও পূর্ব ত্রিপুরা আসনের প্রার্থী কৃতি সিং দেব্বর্মা।

**********************

**Holi Utsav-Raj Bhawan :**

আগরতলায় রাজভবনে রঙের উৎসব হোলি উচ্ছ্বাস ও উদ্দীপনার মধ্য দিয়ে গতকাল পালন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বিশেষভাবে সক্ষম শিশু, ইসকনের সাধুগণ, সমাজসেবী, রাজভবনের আধিকারিক ও কর্মীগণের সঙ্গে হোলি উৎসবে সামিল হন। হোলি উৎসব উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তর রাজভবনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে শিল্পীগণ দোল এবং হোলির গান পরিবেশন করেন। বিভিন্ন সংগঠনের প্রতিনিধিগণ রাজভবনে এসে রাজ্যপালকে হোলির শুভেচ্ছা জানান

এবং এই উৎসবে সামিল হন। রাজ্যপাল রাজ্যবাসীকেও হোলি উৎসবের আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করেন।

*********************

**Holi Festival :**

রাজ্যেও চিরাচরিত ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে প্রেমাবতার ভগবান শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব তিথি উদযাপিত হয়েছে । দোল পূর্নিমা উপলক্ষে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, লক্ষ্মীনারায়ণ বাড়ি, শ্রী কৃষ্ণ মন্দির প্রভৃতি দেবালয়ে বিশেষ পুজার আয়োজন করা হয়েছে। আগরতলার সেন্ট্রাল রোড শিববাড়ি প্রাঙ্গন থেকে শ্রী শ্রী হরিভক্তি প্রচারিনীসভার উদ্যোগে ট্যাবলু সহ বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়।

ধর্মনগরেও পালিত হয়েছে দোল উৎসব। ধর্মনগর শহরে শান্তিনিকেতনের আদলে খোলামেলা পরিবেশে কচিকাঁচা আবাল বৃদ্ধ বণিতা সবাই দোল উৎসবে মেতে উঠেছে।

**************************

**Dol utsab :**

তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল আগরতলার টাউন হলে অনুষ্ঠিত হলো রাজ্যভিত্তিক দোল উৎসব। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা পর্যটন নিগমের ম্যানেজিং ডাইরেক্টর তপন কুমার দাস, তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, বিশিষ্ট সঙ্গীত শিল্পী ঝর্ণা দেববর্মন। অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের শিল্পীরা নৃত্য ও সঙ্গীত পরিবেশন করে।

**********************

**Weather:**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রী এবং সর্বনিম্ন ২০ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯.৯ ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*******************

*******************